MAR. 1? 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ......

# পরীক্ষার প্রবেশপত্র না পেয়ে জামালপুরে মাদ্রাসায় ভাংচুর

জামালপুর প্রতিনিধি

পরীক্ষার প্রবেশপত্র না আসায় গতকাল সোমবার দাখিল পরীক্ষার্থীরা শহরের বেলটিয়া আলিয়া মাদ্রাসায় ব্যাপক ভাংচুর করেছে।

সদর থানার শরিফপুর মাদ্রাসার ৬০ জন ছাত্র দাখিল পরীক্ষার রেজিস্ট্রেশন ও ফরম পূরণের জন্য বেলটিয়া মাদ্রাসার দুজন শিক্ষকের কাছে টাকা জমা দিয়েছিল। কিন্তু গতকাল তারা মাদ্রাসায় গিয়ে জানতে পারে তাদের প্রবেশপত্র আসেনি।

ছাত্রদের অভিযোগ, প্রতি ছাত্রের কাছ থেকে ৪-৫ হাজার করে টাকা নিয়ে ওই দুই শিক্ষক আত্মসাৎ করেছে। বর্তমানে শিক্ষকদ্বয় পলাতক। মাদ্রাসায় পুলিশ মোতায়েন করা হয়েছে।